



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৪৬

তারিখঃ ২২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ  
০৬ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৬৩ তম কমিশন সভা অদ্য ০৬/১১/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন Runner Automobiles Limited এর ১০০(একশত কোটি) টাকার (প্রায়) মূলধন উত্তোলনের জন্য বুক-বিল্ডিং পদ্ধতিতে ১৩৯,৩০,৩৪৮ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন প্রদান করেছে। ১৩৯,৩০,৩৪৮ টি সাধারণ শেয়ার এর মধ্যে ৮৩,৩৩,৩৩৩ টি সাধারণ শেয়ার ৭৫ (পঁচাত্তর) টাকা মূল্যে উপযুক্ত বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors) দ্বারা এক্সচেঞ্জের Electronic Subscription System এ বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানীর শেয়ারের প্রান্ত-সীমা (Cut-off) মূল্য ৭৫ (পঁচাত্তর) টাকায় নির্ধারিত হয়। অবশিষ্ট ৫৫,৯৭,০১৫ টি সাধারণ শেয়ার ৬৭ (সাতষট্টি) টাকা মূল্যে (প্রান্ত-সীমা মূল্য থেকে ১০% বাটায়) সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বাংলাদেশীসহ) নিকট ইস্যু করা হবে। এই IPO এর মাধ্যমে প্রায় ১০০ (একশত) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানীটি গবেষণা ও উন্নয়ন, যন্ত্রপাতি ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং আইপিও খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৭ সালের সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়নসহ নীটসম্পদ মূল্য (NAV with revaluation) ৫৫.৭০ এবং পুনঃমূল্যায়নছাড়া নীটসম্পদ মূল্য (NAV without revaluation) ৪১.৯৪ টাকা এবং বিগত ৫ (পাঁচ) টি অর্থ বৎসরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ৩.৩১ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে IDLC Investments Limited.
২. কমিশন United Commercial Bank Limited এর ৮০০ কোটি টাকার Redeemable Non-convertible Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully redeemable, Coupon-bearing, Unsecured, Unlisted subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে, যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিবর্গকে প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে United Commercial Bank Limited কোম্পানীর Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Trustee হিসাবে MTB Capital Limited কাজ করছে।
৩. কমিশন Shahjalal Islami Bank Limited এর ৬০০ কোটি টাকার Mudaraba Redeemable Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully redeemable, Floating Rate, Unsecured, Unlisted subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে, যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, কর্পোরেট প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিবর্গকে প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Shahjalal Islami Bank Limited কোম্পানীর Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Trustee হিসাবে Green Delta Insurance Co. Limited কাজ করছে।

মো: মাহবুবুল আলম  
নির্বাহী পরিচালক।